

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলীরোড, ঢাকা।
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৯.০০১.২২.৭২৫

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৮

০২ মার্চ ২০২২

বিষয়: নারায়নগঞ্জ জেলার রুপগঞ্জ উপজেলাধীন মাঝিনা মৌজার আহমাদিয়া ফাযিল মাদ্রাসায় কর্মরত শিক্ষক জনাব এ কে এম মোখলেছুর রহমান (ইনডেক্স নং-D345829) এর প্রার্থিত পদবী ও বিষয় সংযোজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (০১) DEO, নারায়নগঞ্জ এর স্মারক নং-৩৭.০২.৬৭০০.০০০.০০.০০০.২১-০৪১; তারিখ: ২১.০১.২১খ্রি.

(০২) তদন্ত কমিটির প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.৩০.০০১.১৭-২৮৩; তারিখ: ১৭.০৮.২০২১ খ্রি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, নারায়নগঞ্জ জেলার রুপগঞ্জ উপজেলাধীন মাঝিনা মৌজার আহমাদিয়া ফাযিল মাদ্রাসায় কর্মরত শিক্ষক জনাব এ কে এম মোখলেছুর রহমান (ইনডেক্স নং-D345829) এর এমপিও শীটে পদবী ও বিষয় সংযোজনের আবেদন সূত্রোক্ত (০১) নং স্মারকে জেলা শিক্ষা অফিসার, নারায়নগঞ্জ কর্তৃক অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। প্রতিকার প্রার্থীর আবেদনটি নিস্পত্তির লক্ষ্যে জনাব মোসাম্মাৎ ফেরদৌসী আলম, পরিদর্শক (সহযোগী অধ্যাপক), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর- এর সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। সূত্রোক্ত ০২ নং স্মারকে তদন্ত কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত নিম্নরূপ: “এমপিও শীটে জনাব এ কে এম মোখলেছুর রহমান এর পদবী ও বিষয় মুদ্রিত নেই কিন্তু নিয়োগ ও যোগদানপত্রসহ নিয়োগ সংক্রান্ত কাগজ-পত্রে পদবী LEC ও বিষয় ARABIC উল্লেখ আছে এবং এমপিও শীটে বেতন কোড ০৭ উল্লেখ আছে যা প্রভাষক পদবীর ক্ষেত্রে প্রযোজ্য। বিধায়, তাঁর প্রকৃত পদবী LEC ও বিষয় ARABIC মর্মে জনাব মোসাম্মাৎ ফেরদৌসী আলম, পরিদর্শক (সহযোগী অধ্যাপক)-মাশিঅ এর নিকট প্রতীয়মান হয়। প্রার্থী নিজে এমপিও শীটে পদবী LEC ও বিষয় ARABIC সংযোজনের জন্য আবেদন করেছেন এবং বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ গভর্নিং বডির সদস্যবৃন্দ পদবী LEC ও বিষয় ARABIC সংযোজনের সুপারিশ করেছেন। বিধায় নারায়নগঞ্জ জেলার রুপগঞ্জ উপজেলাধীন মাঝিনা মৌজার আহমাদিয়া ফাযিল মাদ্রাসায় কর্মরত শিক্ষক জনাব এ কে এম মোখলেছুর রহমান (ইনডেক্স নং-D345829) এর এমপিও শীটে পদবী LEC ও বিষয় ARABIC সংযোজন করা যেতে পারে।” (কপি সংযুক্ত)

০৫। জেলা শিক্ষা অফিসার, নারায়নগঞ্জ এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব এ কে এম মোখলেছুর রহমান (ইনডেক্স নং-D345829) এর তথ্য এবং প্রার্থিত পদবী ও বিষয় নিম্নরূপঃ

ক্রমিক নং	নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠানের ঠিকানা	প্রভাষক (আরবি) পদে যোগদানের তারিখ	এমপিও শীটে বিদ্যমান পদবী ও বিষয়	প্রার্থিত বিষয়	মন্তব্য
০১	জনাব এ কে এম মোখলেছুর রহমান (ইনডেক্স নং- D345829) মাঝিনা মৌজার আহমাদিয়া ফাযিল মাদ্রাসা, রুপগঞ্জ, নারায়নগঞ্জ।	০৭/০২/১৯৯৯ খ্রি.	পদবী ও বিষয়- উল্লেখ নেই	পদবী-LEC ও বিষয়- ARABIC	এমপিও শীটে বিদ্যমান পদবী ও বিষয়-উল্লেখ নেই। আবেদনকারীর প্রার্থিত পদবী- LEC ও বিষয় ARABIC সংযোজন যোগ্য।

০৬। এমতাবস্থায়, নারায়নগঞ্জ জেলার রুপগঞ্জ উপজেলাধীন মাঝিনা মৌজার আহমাদিয়া ফাযিল মাদ্রাসায় কর্মরত শিক্ষক জনাব এ কে এম মোখলেছুর রহমান (ইনডেক্স নং-D345829) এর পদবী- LEC ও বিষয়- ARABIC সংযোজনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

- ১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ দায়ী থাকবে।
- ২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছবুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।
- ৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।
- ৪। প্রতিকার প্রার্থী জনাব এ কে এম মোখলেছুর রহমান কোন প্রকার বকেয়া দাবি করতে পারবেনা।



২-৩-২০২২

কে, এম, রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৪১০৩০১৫৯

ফ্যাক্স: ৪১০৩০১২৫

ইমেইল: dgdmeb@gmail.com

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,
মেমিস, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৯.০০১.২২.৭২৫/১(৬)

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৮
০২ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ২) উপ পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
- ৪) সভাপতি/অধ্যক্ষ/ প্রার্থী জনাব এ কে এম মোখলেছুর রহমান, মাজিনা মৌজার আহমাদিয়া ফাযিল মাদ্রাসা, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ৬) মহাপরিচাল মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



২-৩-২০২২

মো: বাদশা মিয়া

পরিদর্শক (সহযোগী অধ্যাপক)